

২য় অনুরোধ পত্র

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৬২.১৭-১৯২

তারিখঃ ২০ চৈত্র ১৪২৫
০৩ এপ্রিল ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৬৪৪৬/২০১৭ এর ০৯.০৭.১৮ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতকরণ।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৬২.১৭-৩৮, তারিখ: ১৬.০১.২০১৯ খ্রি।
(২) তাজিয়া মোবাস্বিরিয়া আলিম মাদ্রাসা, নবীগঞ্জ, হবিগঞ্জ এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক গত ১৮.১২.১৮ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন তাজিয়া মোবাস্বিরিয়া আলিম মাদ্রাসাটি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪.০৪.২০০০ খ্রি. তারিখের শা:৪/১জি-১০/৯৯/৬৯-শিক্ষা সংখ্যক স্মারকমূলের মাধ্যমে এমপিওভুক্ত করা হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০.০৮.২০০০ খ্রি. তারিখের শা:৪/১জি-১০(অংশ-১)/২৪০-শিক্ষা সংখ্যক স্মারকমূলের মাধ্যমে বর্ণিত প্রতিষ্ঠানের এমপিওভুক্তির আদেশ বাতিল করা হয়।

০৩। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৪৪৬/২০১৭ দায়ের করা হয়। উক্ত রিট মামলার মহামান্য আদালত কর্তৃক ০৯.০৭.১৮ খ্রি. তারিখে নিম্নরূপ রায়/আদেশ দেয়া হয়:

"The respondents are directed to restore the facilities of Monthly Pay Order (Government Portion) of the teachers and staffs of the institution named Tajia Mobaswaria Alim Madrasah (Madrasah Code No. 18894 EIIN No. 129512) Dhulchatol. Post Office -Haridharpur. Upozilla- Nabiganj. District- Habiganj forthwith without fail.

০৪। উক্ত রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিত করা প্রয়োজন। অন্যথায় সরকারের স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার প্রবল আশংকা বিদ্যমান। The Supreme court of Bangladesh (Appellate Division) Rules 1998 এর Order xiii অনুযায়ী আপীল দায়েরের মেয়াদ ৬০ দিন।

০৫। উক্ত রিট মামলার রায়ে সরকারের আর্থিক সংশ্লেষ জড়িত থাকায় রায় স্থগিতসহ আপীল দায়েরক্রমে গৃহীত কার্যক্রম বিগত ০৫.০২.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য সূত্রে বর্ণিত (১) নং স্মারকমূলের মাধ্যমে মহোদয়কে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু এ বিষয়ে মহোদয় কর্তৃক গৃহীত কার্যক্রমের কোন তথ্য অদ্যাবধি পাওয়া যায়নি।

০৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৬৪৪৬/২০১৭ মামলার ০৯.০৭.২০১৮ খ্রি. তারিখের রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন ফর লীড টু আপীল (CP) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ২১.০৪.২০১৯ খ্রি. তারিখের মধ্যে TMED -কে অবহিতের জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মতো বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক সিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।